

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৬০৭  
আগরতলা, ০১ জুলাই, ২০২৪

নীরমহল পরিদর্শনে রাজ্যপাল  
নীরমহল দেশের দ্বিতীয় জলমহল



ত্রিপুরা ছোট রাজ্য হলেও এখানে অনেক দৃষ্টিনন্দন পর্যটন কেন্দ্র রয়েছে। এর মধ্যে নীরমহল অন্যতম। আমাদের দেশে রাজস্থানের উদয়পুরের ওয়াটার প্যালেসের পর নীরমহলই হল দ্বিতীয় জলমহল। আজ নীরমহল পরিদর্শনের পর রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু সংবাদমাধ্যমের সাথে কথা বলতে গিয়ে একথা বলেন।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ সকালে নীরমহল গিয়ে পৌঁছালে সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি ও অন্যান্য পদস্থ আধিকারিকগণ রাজ্যপালকে স্বাগত জানান। সিপাহীজলা জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। এর পর রাজ্যপাল নীরমহল পরিদর্শন করেন। সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল বলেন, ত্রিপুরা সরকার রাজ্যে পর্যটনের উন্নয়নে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে। কেন্দ্রীয় সরকার ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে পর্যটনের উন্নয়নে বিশেষ পদক্ষেপ নিয়েছে। নীরমহল পরিদর্শনের সময় রাজ্যপালের সাথে পর্যটন দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস, সিপাহীজলা জেলার পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ উপস্থিত ছিলেন। এর পর রাজ্যপাল মেলাঘরে একটি চেকডেম পরিদর্শন করেন এবং এবিষয়ে বিস্তারিত খোঁজ খবর নেন। রাজ্যভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*